দৈনিক ইত্তেফাক

তারিখ: 19 NOV 2015
পৃষ্ঠা ২০ ... কলাম ... ৫

# খতিয়ে দেখা হবে স্থগিত বেসরকারি মেডিক্যাল কলেজের কার্যক্রম

## দু'সপ্তাহের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

■ ইত্তেফাক রিপোর্ট

স্থগিত-থাকা বেসরকারি মেডিক্যাল কলেজসমূহের কার্যক্রম খতিয়ে দেখার জন্য পর্যবেক্ষক দল গঠন করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম। স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের নেতৃত্বে কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত এই দলকে আগামী দু'সপ্তাহের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী।

মন্ত্রী গতকাল সচিবালয়ে বেসরকারি মেডিক্যাল কলেজের শিক্ষা কার্যক্রম সংক্রান্ত সভায় সভাপতিত্বকালে এ নির্দেশ দেন। পর্যবেক্ষণ দলের প্রতিবেদনের ওপর ভিত্তি করে আগামী পর্যালোচনাসভায় কলেজগুলোর কার্যক্রম অনুমোদনের বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে বলে তিনি জানান। সভায় মাদারীপুরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠপুত্রের নামে পৃষ্ঠা ২ কলাম ৮

## খতিয়ে দেখা হবে স্থগিত

২০ পৃষ্ঠার পর

শেখ কামাল হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ স্থাপনের অনুমোদন দেয়া হয়। বিভিন্ন বেসরকারি মেডিক্যাল কলেজের আসন সংখ্যা বৃদ্ধির বিষয়েও সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক, স্বাস্থ্য সচিব সৈয়দ মঞ্জুরুল ইসলাম, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. দীন মো. নুরুল হকসহ মন্ত্রণালয় ও অধিদপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন।

### স্বাচিপের নতুন কমিটিকে স্বাস্থ্যমন্ত্রীর অভিনন্দন

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ) এর নতুন কমিটির সভাপতি অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান ও সাধারণ সম্পাদক অধ্যাপক ডা. এম এ আজিজসহ সকল সদস্যকে অভিনন্দন জানিয়েছেন। দেশের মানুষের জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সরকারের বিভিন্ন উদ্যোগকে এগিয়ে নিতে স্বাচিপের নতুন কমিটির নেতৃবৃন্দ সহযোগিতা করবেন বলে এক অভিনন্দন বার্তায় স্বাস্থ্যমন্ত্রী আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, দেশের দরিদ্র মানুষ যেন কোনোভাবেই চিকিৎসকদের সেবা থেকে বঞ্চিত না হয়, সেদিকে স্বাচিপ এর নতুন নেতৃত্বকে বিশেষ দৃষ্টি দিতে হবে। তিনি সাধারণ মানুষের সেবা নিশ্চিত করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশের সার্বিক উন্নয়ন ত্বরান্বিত করতে পরিষদের সকল চিকিৎসককে এগিয়ে আসার আহ্বান জানান।